

### ওয়েলস শিক্ষাক্রম

3 ও 4 বছর বয়সীদের জন্য নার্সারি শিক্ষা: পিতামাতা ও কেয়ারারদের জন্য একটি দিকনির্দেশিকা



#### নার্সারি শিক্ষা কী?

কখন আমার সন্তান নার্সারি শিক্ষা দ্বারা উপকৃত হতে পারে?

নার্সারি শিক্ষা কিভাবে প্রদান করা হয়?

আমার সন্তানের জন্য নার্সারি শিক্ষার সুবিধাগুলো কী?

খেলার মাধ্যমে শেখা বলতে কী বুঝায়?



আমার সন্তান কি লেখা ও পড়া শিখতে পারবে?	8
কিভাবে আমি একটি নার্সারি শিক্ষা প্রতিষ্ঠান খুঁজে পেতে	9
পারি?	
আমার সন্তানের চাহিদা ও বিকাশ কিভাবে মূল্যায়ন করা	10
হবে?	
আমার সন্তানের জন্য প্রয়োজনীয় সহায়তা সম্পর্কিত আরো	11

তথ্য আমি কোথায় পেতে পারি?

OGL © ক্রাউন কপিরাইট 2024, ওয়েলশ সরকার, WG50158, ডিজিটাল ISBN 978-1-83625-236-8 Mae'r ddogfen hon ar gael yn Gymraeg hefyd / এই নথিটি ওয়েলশ ভাষাতেও পাওয়া যায় Rydym yn croesawu gohebiaeth a galwadau ffôn yn Gymraeg / আমরা ওয়েলশ ভাষায় চিঠিপত্র ও টেলিফোন কলকে স্নাগত জানাই

নার্সারি শিক্ষা কী?

নার্সারি শিক্ষা হলো তিন ও চার বছর বয়সী শিশুরা বিধিবদ্ধ শিক্ষা ব্যবস্থায় প্রবেশের আগে, আপনার স্থানীয় কর্তৃপক্ষের অর্থায়নে নার্সারি শিক্ষা প্রদানের উদ্দেশ্যে স্থাপিত কোনো স্কুল বা চাইল্ডকেয়ার সেটিংয়ে যে সময় তারা পার করে ঐ সময়।

এটি আপনার সন্তানের জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ধাপ। তাদের ভবিষ্যত শিক্ষা এবং তাদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য মৌলিক বিষয়গুলো এই সময়টাতেই বিকশিত হয়। সে কারণেই নার্সারি শিক্ষা ওয়েলস শিক্ষাক্রমের একটি অংশ।

আপনার স্থানীয় কর্তৃপক্ষের ওয়েবসাইট থেকে আপনি বিদ্যমান বিধান সম্পর্কিত আরো তথ্য জানতে পারবেন।





# কখন আমার সন্তান নার্সারি শিক্ষা দ্বারা উপকৃত হতে পারে?

তিন ও চার বছর বয়সী শিশুদের জন্য, তাদের জন্ম তারিখের উপর নির্ভর করে, স্থানীয় কর্তৃপক্ষকে অবশ্যই একটি অর্থায়ন প্রাপ্ত নার্সারি শিক্ষা প্রদানের খণ্ডকালীন (সপ্তাহে কম পক্ষে 10 ঘণ্টা) ব্যবস্থা করতে হবে। নিচের টেবিলে দেখানো হয়েছে কখন সেই স্থানটি আপনার সন্তানের জন্য পাওয়া যাবে।

জন্ম তারিখ	অর্থায়ন প্রাপ্ত নার্সারি শিক্ষা প্রদানের স্থান পাবে?
1 সেণ্টেম্বর থেকে 31 ডিসেম্বর	1 জানুয়ারি বা তার পরে, টার্মের শুরুতে
1 জানুয়ারি থেকে 31 মার্চ	1 এপ্রিল বা তার পরে, টার্মের শুরুতে
1 এপ্রিল থেকে 31 আগস্ট	1 সেপ্টেম্বর বা তার পরে, টার্মের শুরুতে



3 ও 4 বছর বয়সীদের জন্য নার্সারি শিক্ষা: পিতামাতা ও কেয়ারারদের জন্য একটি দিকনির্দেশিকা

### নার্সারি শিক্ষা কিভাবে প্রদান করা হয়?

ওয়েলস শিক্ষক্রমের অংশ হিসাবে, সরকার স্কুলগুলোকে তাদের নিজস্ব শিক্ষাক্রম এবং নার্সারি শিক্ষা প্রদানকারী চাইল্ডকেয়ার সেটিংগুলোর জন্য একটি শিক্ষাক্রম তৈরি করার ক্ষেত্রে সহায়তা করার জন্য নির্দেশিকা প্রকাশ করেছে।

শিশুরা স্কুলে যাক অথবা অর্থায়ন প্রাপ্ত নন মেইনটেইন্ড নার্সারিতেই যাক, শিশুর বিকাশই হলো সকল বিধানের কেন্দ্রবিন্দু এবং সেগুলো শিশুর শিখন ও বিকাশে সহায়তা করবে। ওয়েলস শিক্ষাক্রমকে বাড়তি শিখন চাহিদা সম্পন্ন শিশু সহ সকল শিক্ষার্থীর জন্য অন্তর্ভুক্তিমূলক পদ্ধতিতে সাজানো হয়েছে এবং আপনার সন্তান তার শিক্ষার অগ্রগতির জন্য প্রয়োজনীয় সকল সহায়তা পাবে।

এই পদ্ধতিতে আপনার সন্তান সাবলীলভাবে একটি সেটিং থেকে স্কুলের পরিবেশে স্থানান্তরিত হওয়ার ব্যাপারে সহায়তা পাবে।

নার্সারি শিক্ষা প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী শিশুদের জন্য ভিডিওটি দেখুন। আরো জানার জন্য:

ওয়েলস শিক্ষাক্রম: 3 ও 4 বছর বয়সী শিশুদের জন্য নার্সারি শিক্ষা -পিতামাতা ও কেয়ারারদের জন্য একটি ভূমিকা





# আমার সন্তানের জন্য নার্সারি শিক্ষার সুবিধাগুলো কী?

নার্সারি শিক্ষা শিশুদেরকে খেলার মাধ্যমে শেখায় এবং এটি ইনডোর ও আউটডোর উভয় জায়গাতেই প্রদান করা হয়। এই শিক্ষাক্রম নিশ্চিত করে প্রত্যেক শিশু যেন তাদের শিখনের কেন্দ্রবিন্দুতে থাকার সুযোগ পায়।

প্রতিশ্রুতিবদ্ধ কর্মীদের সহায়তা প্রদানের পাশাপাশি আপনার সন্তানের আগ্রহগুলো বিবেচনা করা হবে এবং তাদেরকে তাদের শিখন বিষয়ক পছন্দগুলো নির্দিষ্ট করার ব্যাপারে উৎসাহিত করা হবে। কর্মীরা আপনার সন্তানের শিখন প্রক্রিয়ার প্রতিটি ধাপে সহায়তা করবেন। শিখন অভিজ্ঞতা হবে বাস্তব ভিত্তিক, মজাদার ও খেলার মাধ্যমে। এই পদ্ধতিটি শিখনের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি বিকাশের জন্য পরিচিত।



# খেলার মাধ্যমে শেখা বলতে কী বুঝায়?

খেলাধুলার মাধ্যমেই ছোট শিশুরা পৃথিবীকে বুঝতে শেখে। শিখন প্রক্রিয়ার জন্য এটি একটি শক্তিশালী বাহন যা শিশুদের স্পিচ, ভাষা ও যোগাযোগ দক্ষতার পাশাপাশি তাদের সামাজিক ও শারীরিক দক্ষতাগুলোর বিকাশে সহায়তা করে।

আপনার সন্তান একটি সামগ্রিক ও অর্থপূর্ণ শিখন প্রক্রিয়ার দ্বারা উপকৃত হবে যা তাদের বিকাশে সহায়তা করবে। সক্ষম বয়স্করা কার্যকর পরিস্থিতিতে নিবিড় অভিজ্ঞতা প্রদান করবেন এবং তারা শিশুদের ব্যাপারে তাদের জ্ঞান ও পর্যবেক্ষণের সাহায্যে আপনার সন্তানের আগ্রহ সংশ্লিষ্ট বাস্তব অভিজ্ঞতা পরিকল্পনা করবেন যা খেলা ভিত্তিক পদ্ধতির মাধ্যমে আপনার সন্তানের বিকাশে সহায়তা করবে।

খেলাধুলা শিশুদেরকে উদ্যোগী হতে, ঝুঁকি নিতে এবং ব্যর্থতার ভীতি ছাড়া পরীক্ষা ও ভুলের মাধ্যমে শেখার সুযোগ করে দেয়। আপনার শিশু বিভিন্ন ধরনের খেলাধুলায় সম্পৃক্ত হতে পারবে এবং এর মধ্যে থাকতে পারে রোল প্লে, সৃজনশীল খেলা, অনুসন্ধানমূলক খেলা ও কল্পনা ভিত্তিক খেলা।



# আমার সন্তান কি লেখা ও পড়া শিখতে পারবে?

নার্সারি শিক্ষায় ভালো যোগাযোগ দক্ষতার গুরুত্বের উপর জোর দেওয়া হয়। আপনার সন্তানকে স্কুল বা সেটিংয়ের বড়দের সাথে ও সেইসাথে সমবয়সীদের সাথে কথাবার্তার মাধ্যমে বচন ও শ্রবণ দক্ষতা বিকাশের ব্যাপারে উৎসাহিত করা হবে।

তারা গল্প ও বই পড়ার আনন্দের সাথে পরিচিত হবে এবং গান, ছড়া ও শব্দের খেলায় সম্পৃক্ত হবে। তাদেরকে দাগ টানা ও ছবি আঁকার মাধ্যমে তাদের ভাবনা ও ধারণা প্রকাশের ব্যাপারে উৎসাহিত করা হবে। তারা বিভিন্ন পৃষ্ঠের উপর বিভিন্ন সংস্থান ব্যবহার করবে যেমন মাঠের মধ্যে চক, কাগজের উপরে রঙ, তুলি ও মার্কার।

যখন শিশুদের প্রাথমিক পঠন ও লিখন দক্ষতার বিকাশ ঘটে, তখন তারা তাদের নিজের নাম, অক্ষর ও সংখ্যা খেয়াল করা শুরু করে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো এই দাগগুলো দেওয়ার ব্যাপারে শিশুরা আত্মবিশ্বাসী এবং তারা সেগুলো নিয়ে কথা বলে এবং তারা তাদের চোখে উল্লেখযোগ্য চিহ্ন ও অক্ষরগুলো খেয়াল করা শুরু করে।




# কিভাবে আমি একটি নার্সারি শিক্ষা প্রতিষ্ঠান খুঁজে পেতে পারি?

আপনি আপনার স্থানীয় কর্তৃপক্ষের ফ্যামিলি ইনফরম্যাশন সার্ভিস এর সাথে যোগাযোগ করতে পারেন যেখানে আপনি আপনার এলাকার খণ্ডকালীন নার্সারি শিক্ষা প্রদানকারী স্কুল না চাইল্ডকেয়ার সেটিং সম্পর্কিত তথ্য ও সহায়তা পাবেন।

সঠিক নার্সারি শিক্ষা দানকারী প্রতিষ্ঠান নির্বাচনের ব্যাপারে এখানে কিছু পরামর্শ দেওয়া হলো:

- চাইল্ডকেয়ার সেটিং বা স্কুলটি পরিদর্শন করুন তাদের অনেকেই ওপেন ডে-এর আয়োজন করে থাকে
- www.estyn.gov.wales থেকে সর্বশেষ Estyn ইনস্পেকশন রিপোর্ট পড়ুন
- প্রাথমিক শিক্ষা দানকারী প্রতিষ্ঠানগুলো যে সেটিংসমূহকে সহায়তা প্রদান করে সেগুলো সম্পর্কে নিম্নলিখিত ওয়েবসাইটগুলো থেকে আরো জেনে নিন
- Early Years Wales www.earlyyears.wales/en
- Mudiad Meithrin www.meithrin.cymru
- National Day Nurseries Association www.ndna.org.uk
- PACEY (Professional Association for Childcare and Early Years) www.pacey.org.uk



# আমার সন্তানের চাহিদা ও বিকাশ কিভাবে মূল্যায়ন করা হবে?

প্রয়োজনীয় সহায়তা ও সময়োপযোগী চ্যালেঞ্জের মুখোমুখি করানো নিশ্চিত করার পাশাপাশি প্রতিটি শিশুকে নিজস্ব গতিতে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়তার জন্য মূল্যায়ন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মূল্যায়নের সাহায্যে খুঁজে বের করা হয় আপনার সন্তান কী করতে পারে। দক্ষ প্র্যাক্টিশনাররা আপনার সন্তানকে খেলাধুলার সময় পর্যবেক্ষণ করার মাধ্যমে সেটি চিহ্নিত করেন। চলমান মূল্যায়ন প্রক্রিয়া আপনার সন্তানের স্পিচ, ভাষা ও যোগাযোগ দক্ষতার পাশাপাশি তাদের সামাজিক ও শারীরিক দক্ষতা সহ তার সামগ্রিক বিকাশ সম্পর্কে একটি বৃহত্তর ধারণা প্রদান করে। ভালো মানের মূল্যায়ন থেকে শিশুর জন্য প্রয়োজনীয় বাড়তি সহায়তা অথবা তার সামর্থ্য অর্জনের জন্য প্রয়োজনীয় চ্যালেঞ্জগুলো চিহ্নিত করা যায়।

আমাদেরকে বুঝতে ও মানতে হবে যে প্রতিটি শিশুর অগ্রগতির ধরন ভিন্ন ও অনন্য। আপনার সন্তান নার্সারি শিক্ষায় থাকাকালে আপনি তাদের অগ্রগতি সম্পর্কিত তথ্য পাবেন। মূল্যায়ন সম্পর্কিত আরো তথ্য আপনি আপনার সন্তানের জন্য বাছাইকৃত স্কুল বা চাইন্ডকেয়ার সেটিং থেকে পাবেন।



## আমার সন্তানের জন্য প্রয়োজনীয় অন্যান্য সহায়তা সম্পর্কিত আরো তথ্য আমি কোথায় পেতে পারি?

#### আমরা আপনাকে আবারও আশ্বস্ত করতে চাই যে আপনার সন্তান তার জীবনের সম্ভবপর সবচেয়ে ভালো সূচনাটি পাবে।

ওয়েলস চাইন্ড কেয়ার অফারটি ওয়েলসে বসবাসকারী 3 ও 4 বছর বয়সী শিশুদের পিতামাতা ও কেয়ারারদের জন্য 30 ঘন্টা পর্যন্ত সরকারি অর্থায়ন প্রাপ্ত প্রাথমিক শিক্ষা ও চাইন্ডকেয়ার প্রদান করে। এটি ন্যূনতম 10 ঘন্টার প্রাথমিক শিক্ষা এবং সর্বোচ্চ 20 ঘন্টার অর্থায়ন প্রাপ্ত চাইন্ডকেয়ার নিয়ে গঠিত, তবে স্থানীয় কর্তৃপক্ষ ভেদে তা ভিন্ন হতে পারে।

উপযুক্ত হওয়ার জন্য পিতামাতা ও কেয়ারারকে কর্মরত অথবা উচ্চতর বা সম্পূরক পড়ালেখায় সম্পৃক্ত থাকতে হবে।

আপনি ও আপনার সন্তান উপযুক্ত কি না যাচাই করতে অথবা চাইল্ডকেয়ার অফার এর জন্য আবেদন করতে ভিজিট করুন www.gov.wales/get-30-hourschildcare-3-and-4-year-olds

Teulu Cymru ওয়েলস এর পরিবারগুলোর জন্য ওয়েলশ সরকারের সকল তথ্য এক স্থানে একত্রিত করে। বাস্তব ও আর্থিক সহায়তার জন্য ভিজিট করুন www.gov.wales/teulu-cymru এবং Teulu Cymru-কে ফলো করুন ফেসবুক ও ইনস্টাগ্রামে। ফ্যামিলি ইনফরম্যাশন সার্ভিস (FIS) শিক্ষা সহ বিভিন্ন পারিবারিক বিষয়ে বিনামূল্যে, নিরপেক্ষ ও সর্বশেষ তথ্য, পরামর্শ ও নির্দেশিকা প্রদান করে এখানে www.fis.wales।

ওয়েলশ সরকার**'টক উইথ মি**' প্রোগ্রামের মাধ্যমে সংস্থান ও পরামর্শ প্রদান করে যা আপনাকে আপনার সন্তানের স্পিচ, ভাষা ও যোগাযোগ দক্ষতাকে সহায়তা করার ব্যাপারে উৎসাহিত করবে।

ফ্লায়িং স্টার্ট ওয়েলস জুড়ে সুবিধাবঞ্চিত এলাকার ফ্লায়িং স্টার্ট অঞ্চলে বসবাসকারী শিশু ও পরিবারগুলোকে সহায়তা প্রদান করে। দুই থেকে তিন বছর বয়সী শিশুদের স্কুলের টার্ম অনুযায়ী প্রতি সপ্তাহে 12.5 ঘণ্টা হিসাবে বছরের 39 সপ্তাহ ফ্লাইং স্টার্ট চাইল্ডকেয়ার পাওয়ার অধিকার রয়েছে। উপযুক্ত শিশুরা তাদের দ্বিতীয় জন্মদিনের পরের টার্ম থেকে তাদের তৃতীয় জন্মদিন পরবর্তী টার্ম পর্যন্ত চাইল্ডকেয়ারগুলোতে যুক্ত হতে পারে। আরো তথ্যের জন্য আপনার স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন।